



দুর্গাপূজায় নিরাপত্তার দায়িত্বে থাকছেন ১০ হাজার বিজিবি



ছবি: সংগৃহীত

শারদীয় দুর্গাপূজা উপলক্ষে দেশের বিভিন্ন স্থানে নিরাপত্তা কার্যক্রমে অংশ নেবেন প্রায় ১০ হাজার বিজিবি সদস্য। ১৬ থেকে ২২ অক্টোবর পর্যন্ত তাঁদের মোতায়েন রাখার পরিকল্পনা করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

সোমবার (১২ অক্টোবর) বাসসকে এ তথ্য জানান বিজিবি সদর দপ্তরের পরিচালক (অপারেশন) লেফটেন্যান্ট কর্নেল মো. মাহবুব মুর্শেদ রহমান।

তিনি জানান, উৎসব চলাকালে নিরাপত্তা পরিস্থিতি স্বাভাবিক রাখতে মাঠপর্যায়ে টহল ও গোয়েন্দা তৎপরতা চালানো হবে। পাশাপাশি পুলিশ, স্থানীয় প্রশাসন এবং পূজা উদযাপন কমিটির সঙ্গে যোগাযোগ রেখে কাজ করবেন বিজিবি সদস্যরা। সম্ভাব্য ঝুঁকি মোকাবিলা, গুজব শনাক্ত এবং সাম্প্রদায়িক উসকানি ঠেকানোর বিষয়েও নজর রাখা হবে।

বিজিবির পক্ষ থেকে সীমান্তের আট কিলোমিটারের মধ্যে ও ব্যাটালিয়ন সদর দপ্তরের আশপাশের এলাকাসহ ২ হাজার ৭২৭টি পূজামণ্ডপে নিরাপত্তা সহায়তা দেওয়া হবে। দুর্গম এলাকায় দ্রুত পৌঁছানো ও প্রয়োজনীয় সহায়তা নিশ্চিত করতে অস্থায়ী ক্যাম্প স্থাপনের ব্যবস্থাও নেওয়া হচ্ছে।

ঢাকায় বিজিবির দায়িত্ব নির্ধারণ করা হবে সরকারি নির্দেশনা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রয়োজন অনুযায়ী। এ ক্ষেত্রে ঢাকা মেট্রোপলিটন পুলিশ ও স্থানীয় প্রশাসনের সঙ্গে সমন্বয় করে টহল এবং গুরুত্বপূর্ণ স্থানে নিরাপত্তা সহায়তা দেওয়া হবে। জরুরি পরিস্থিতিতে দ্রুত পদক্ষেপ নেওয়ার প্রস্তুতিও থাকবে বলে জানান লেফটেন্যান্ট কর্নেল মাহবুব মুর্শেদ রহমান।